

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২২৪
আমবাসা, ৬ অক্টোবর, ২০২৩

পিএম-কিষাণ
আমবাসার কৃষি মহকুমায় ৮,২৫৭ জন কৃষক উপকৃত

প্রধানমন্ত্রী কিষাণ সম্মাননিধি যোজনায় আমবাসার কৃষি মহকুমায় এখন পর্যন্ত ৮ হাজার ২৫৭ জন কৃষক উপকৃত হয়েছে। এই যোজনায় সুবিধাভোগী কৃষকদের বছরে ৩ কিস্তিতে ৬ হাজার টাকা করে দেওয়া হচ্ছে। এতে আমবাসা কৃষি মহকুমার আমবাসা ব্লকের ৫ হাজার ৬৬৮ জন ও গঙ্গানগর ব্লকের ২ হাজার ৫৮৯ জন কৃষক উপকৃত হয়েছেন। আমবাসা কৃষি মহকুমা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
